ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৬২৬.৩৫.০২৫.২৪** নথির বিষয়: Supply of furniture & related others office Equipment for SKWP.
নোট: ১ নোটের বিষয়: **Supply of furniture & related others office Equipment for SKWP. কাজের অনুমোদন প্রসংগে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৩/৬/২৪ ৮:২৭ অপরাহ্ন

সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকুপ (বাকী ১ টি নলকুপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষন করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। অত্র প্ল্যান্টের আওতাধীন প্রায় ২০ বর্গ কিলোমিটার এলাকায় বিদ্যমান ৪৬ পাম্প কম্পাউন্ডসহ ২টি আয়রন রিমুভাল প্ল্যান্টের বিভিন্ন সেক্টরে সিসি ক্যামেরা রয়েছে। স্ক্যাডা ও পিএলসি এর মাধ্যমে প্লান্টের পরিচালন কাজ ও পাম্প-মোটর চালানো কাজ করা হয়। সেই কারণে পাম্প-কম্পাউন্ডে কোন পাম্প চালক থাকে না কিন্তু পাম্প-স্টেশনের অনেক দামী ও সেনসিটিভ যন্ত্রাংশ সার্বক্ষণিকভাবে পাহারা দেয়ার জন্য G4s এর সদস্য থাকেন। উল্লেখ্য যে, পাম্প হাউজে তাঁদের কোন বসার ব্যবস্থা নাই। IRP#1 ও IRP#2 এর বেশ কিছু রুমে কর্মচারীদের বসার কোন ব্যবস্থা নাই। কাজের অবসরে কর্মচারীদের বিশ্রাম নেয়ার জন্য পাম্প-কম্পাউন্ডগুলোতে ও অফিসে ব্যবহারের জন্য কিছু প্লাস্টিকের চেয়ার সংগ্রহ করা জরুরী প্রয়োজন। তাছাড়া পাম্প-কম্পাউন্ডের অধিক নিরাপত্তার জন্য উন্নত মানের কিছু তালা জরুরী প্রয়োজন।

সংযুক্তিসমূহ (৫):

১। ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত প্রাক্কলিত বাজেট বরাদ্দের ও সংশোধিত ক্রয়-পরিকল্পনার কপি।.
২। কোটেশন প্রদানের জন্য প্রেরিত চিঠির কপি।.
৩। সংগৃহিত কোটেশন।.
৪। কিাংঙ্খিত ও প্রস্তাবিত চেয়ারের ছবি।.
৫। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৩/৬/২৪ ৮:২৮ অপরাহ্ন

প্লাস্টিকের চেয়ার, উন্নত মানের তালা ও পেইন্টিং ব্রাশ সংগ্রহের লক্ষ্যে বাজার দরের ভিত্তিতে সর্বমোট ৳১,৫৩,০০০.০০ (এক লক্ষ তিপান্ন হাজার দশমিক শূন্য শূন্য) টাকার একটি প্রাক্কলন (সং:ক্র:নং-০৫) প্রস্তুত করা হয়েছে। আলোচ্য সরবরাহ কাজটি সাকেওপা এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের সংশোধিত প্রাক্কলিত বাজেট বরাদ্দের ক্র:নং-১২, কোড নং-০২-০১-০১৮ এর "আসবাবপত্র ক্রয়" খাত হতে নির্বাহ করা হবে (সং:ক্র:নং-০১)।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৩/৬/২৪ ৮:২৮ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ: ০১ হতে ০২ পর্যন্ত বিস্তারিত বর্ণনার আলোকে "Supply of furniture & related others office Equipment for SKWP." শীর্ষক কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) বর্ণিত কাজের জন্য সর্বমোট ৳১,৫৩,০০০.০০ (এক লক্ষ তিপান্ন হাজার দশমিক শূন্য শূন্য) টাকার প্রাক্কলন অনুমোদন;
খ) পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী অভিজ্ঞ ঠিকাদার প্রতিষ্ঠান "Major Development Ltd." এর সহিত সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) সম্পাদনের অনুমোদন এবং
গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৩-২৪ ইং অর্থ বছরের সংশোধিত প্রাক্কলিত ক্রয়-পরিকল্পনার ক্র:নং-৪৭ ও প্যাকেজ নং-G81 হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা **তত্ত্বাবধায়ক প্রকৌশলী** মহোদয়ের আওতাধীন।

১৩/৬/২৪ ৮:৩৬ অপরাহ্ন সুদীপ্ত কুমার ঘোষ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	১৩/৬/২৪ ৮:৫৫ অপরাহ্ন কাজী বিল্লাল হোসেন সহকারী প্রকৌশলী সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	~~১৩/৬/২৪ ৮:৫৫ অপরাহ্ন~~ ~~মাসুদুল আলম~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৪/৬/২৪ ৩:২৩ অপরাহ্ন

উপরোক্ত বর্ননার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য সুপারিশ করা হল। যা অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৪/৬/২৪ ৩:২৪ অপরাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	~~১৪/৬/২৪ ৩:২৪ অপরাহ্ন~~ ~~মির্জা গোলাম কিবরিয়া~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৪/৬/২৪ ১০:০৪ অপরাহ্ন

Approved.

১৪/৬/২৪ ১০:০৪ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

~~১৪/৬/২৪ ১০:০৪ অপরাহ্ন~~
~~মাসুদুল আলম~~
~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১৫/৬/২৪ ৩:৫৮ পূর্বাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের আলোকে চুক্তি স্বাক্ষর ও কার্যাদেশ ইস্যুর ব্যবস্থা নিন।

১৫/৬/২৪ ৩:৫৮ পূর্বাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

১৫/৬/২৪ ৩:২৫ অপরাহ্ন
সুদীপ্ত কুমার ঘোষ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট